

2021/TDC/CBCS/ODD/
BNGHCC-102T/359

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(1st Semester)

Course No. : BNGHCC-102T

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। কে, কোথা থেকে বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন গ্রন্থটি আবিষ্কার করেন?

২। ‘চর্যাপদ’-এর দশ এবং আঠাশ সংখ্যক পদ দুটির রচয়িতার নাম উল্লেখ করো।

৩। শূন্যস্থান পূর্ণ করো :

“অপণা _____ হরিণা বৈরী।

খনহ ন ছাড়অ _____ আহেরী ॥”

- ৪। বৈষ্ণব সাহিত্য অনুযায়ী পূর্বরাগের সংজ্ঞা দাও।
- ৫। অভিসার পর্যায়ে শ্রেষ্ঠ কবি কে? তাঁকে কী অভিধায় ভূষিত করা হয়?
- ৬। “রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর ॥”
পদটির পদকর্তা কে? পদটি কোন্ রস পর্যায়ে অন্তর্ভুক্ত?
- ৭। মুকুন্দ চক্রবর্তীর আদিনিবাস কোথায় ছিল? কেন তাঁকে পৈতৃক বাসভূমি ত্যাগ করতে হয়?
- ৮। ফুল্লরার পিতা ও মাতার নাম কী?
- ৯। “সোনা রূপা নহে বাপা বেঙ্গা-পিতল।
ঘষিয়া মাজিয়া কিবা কর্যাছ উজ্জ্বল ॥”
উক্তিটি কার? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?
- ১০। ‘চৈতন্যভাগবত’-এ কয়টি খণ্ড রয়েছে ও কী কী?
- ১১। ‘চৈতন্যভাগবত’-এর আদিনাম কী ছিল? কার নির্দেশে কবি গ্রন্থের নাম পরিবর্তন করেন?
- ১২। “হইল পাপিষ্ঠ জন্ম নহিল তখনে।
হইলাঙ বধিত সে মুখ দরশনে ॥”
কে, কেন এই আক্ষেপবানী উচ্চারণ করেছেন?

- ১৩। ‘শাক্তপদাবলী’ কোন্ সময়ে রচিত হয়? ‘শাক্তপদাবলী’ সাহিত্যের শ্রেষ্ঠ কবি কে?
- ১৪। ‘শাক্তপদাবলী’কে কয়টি ধারায় ভাগ করা যায় ও কী কী?
- ১৫। “যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়
এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানবো না।”
উদ্ধৃত কবিতাংশটি ‘শাক্তপদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?
এখানে ‘মৃত্যুঞ্জয়’ বলতে কাকে বোঝানো হয়েছে?

SECTION—B

নিম্নলিখিত যে কোনো পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। লুইপাদ বিরচিত এক সংখ্যক পদটির মর্মার্থ বিশ্লেষণ করো।
- ১৭। ‘চর্যাপদ’-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো।
- ১৮। ‘মাথুর’ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
- ১৯। ভাবসন্মিলন কাকে বলে? এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ২০। “মুকুন্দের ‘চণ্ডীমঙ্গল’-এ চরিত্র বর্ণনের চেয়ে চরিত্র-চিত্রণই মুখ্য হয়ে উঠেছে।” কালকেতু চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে উক্তিটির তাৎপর্য নির্ণয় করো।

- ২১। “তাঁহার কাব্যে দুঃখ-দারিদ্র্যের প্রসঙ্গ থাকিলেও তিনি দুঃখবাদী কবি ছিলেন না।” মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে অবলম্বনে এই অভিমতের যথার্থ্য বিচার করো।
- ২২। জীবনী সাহিত্য কী? জীবনী সাহিত্য হিসেবে ‘চৈতন্যভাগবত’-এর সার্থকতা বিচার করো।
- ২৩। ‘চৈতন্যভাগবত’-এ তৎকালীন সমাজজীবনের যে চিত্র প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।
- ২৪। ‘শাক্তপদাবলী’তে বাৎসল্য রসের যে স্ফূরণ ঘটেছে তা আলোচনা করো।
- ২৫। তোমার পঠিত ‘শাক্তপদাবলী’র পদগুলো অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।
